

অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা বিষয়ে দপ্তর/সংস্থা কর্তৃক স্টেকহোল্ডারের সভার কার্যবিবরণী


তারিখ : ২৩.০৪.২০২৪
স্থান : সভাকক্ষ
সময় : বিকাল ৩.৩০টা
সভাপতি : নূর আনোয়ার হোসেন, জেনারেল ম্যানেজার (চ: দা:), বাংলাদেশ টেলিভিশন, চট্টগ্রাম কেন্দ্র
সভায় উপস্থিতি : পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য

সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার সূচনা করেন। বাংলাদেশ টেলিভিশন, চট্টগ্রাম কেন্দ্রের গৃহীত কার্যক্রমের বিবরণ সভায় তুলে ধরা হয়। অতঃপর সভাপতির অনুমতিক্রমে সহকারী পরিচালক (প্রশাসন) অভিযোগ প্রতিকার ব্যবস্থা সম্পর্কে বাংলাদেশ টেলিভিশন, চট্টগ্রাম কেন্দ্রের গৃহীত কার্যক্রমের বিবরণ এবং ২০২৩-২০২৪ অর্থ বছরের অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনার লক্ষ্যমাত্রা সভায় তুলে ধরেন।

ক্রঃ নং	আলোচ্য বিষয়	আলোচনা ও সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্মকর্তা
০১.	নির্দিষ্ট সময়ে জিআরএস সিস্টেম, অফলাইন ও অন্যান্য মাধ্যমে প্রাপ্ত অভিযোগ নিষ্পত্তি	অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত কর্ম-পরিকল্পনা ২০২৩-২৪ এর লক্ষ্যমাত্রা অনুযায়ী জিআরএস সিস্টেম, অফলাইন ও অন্যান্য মাধ্যমে প্রাপ্ত অভিযোগ নিষ্পত্তির বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। সিদ্ধান্ত: কর্মপরিকল্পনার নির্দেশনা মোতাবেক জিআরএস সিস্টেম, অফলাইন ও অন্যান্য মাধ্যমে প্রাপ্ত অভিযোগ যথাসময়ে নিষ্পত্তি করতে হবে। এছাড়া অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা কর্তৃক এ কেন্দ্রে স্থাপিত অভিযোগ বাক্স প্রতি মাসে খোলার ব্যবস্থা করতে হবে।	শাখা প্রধান (সকল)/ জনাব ঈমাম হোসাইন, কন্ট্রোলার/প্রোগ্রাম ম্যানেজার
০২.	যদি কোন দপ্তর/সংস্থায় জিআরএস, সিস্টেমে কোন অভিযোগ পাওয়া না যায়, সে দপ্তর/সংস্থা কর্তৃক স্টেকহোল্ডারের সভা আয়োজন	অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত কর্ম-পরিকল্পনা ২০২৩-২৪ এর লক্ষ্যমাত্রা অনুযায়ী দপ্তর/সংস্থা কর্তৃক স্টেকহোল্ডারের সভা আয়োজনের বিষয়ে আলোচনা হয়। সিদ্ধান্ত: কর্মপরিকল্পনা অনুযায়ী আগামী মে অথবা জুন/২০২৪ মাসের ১ম সপ্তাহে দপ্তর/সংস্থা কর্তৃক আবশ্যিকভাবে স্টেকহোল্ডারের সভা আয়োজন করতে হবে।	জনাব ঈমাম হোসাইন, কন্ট্রোলার/প্রোগ্রাম ম্যানেজার/ সহকারী পরিচালক (প্রশাসন)
০৩.	অভিযোগ নিষ্পত্তি সংক্রান্ত মাসিক প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণ	অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত কর্মপরিকল্পনার আওতায় অভিযোগ নিষ্পত্তি সংক্রান্ত প্রতিবেদন বিষয়ে সংশ্লিষ্ট কর্মকর্তার নিকট জানতে চাওয়া হলে কোন অভিযোগ না পাওয়ায় প্রতি মাসে শূন্য প্রতিবেদন সদর দপ্তরে প্রেরণ করা হয় মর্মে সভায় জানানো হয়। সিদ্ধান্ত: কর্মপরিকল্পনা অনুযায়ী অভিযোগ নিষ্পত্তি সংক্রান্ত প্রতিবেদন প্রতি মাসে নির্ধারিত সময়ে সদর দপ্তরে প্রেরণ করতে হবে।	জনাব ঈমাম হোসাইন, কন্ট্রোলার/প্রোগ্রাম ম্যানেজার/ সহকারী পরিচালক (প্রশাসন)

ক্রঃ নং	আলোচ্য বিষয়	আলোচনা ও সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্মকর্তা
০৪.	নিজ অফিস ও আওতাধীন অফিসের কর্মকর্তা/কর্মচারীদের জন্য অভিযোগ প্রতিকার ব্যবস্থা এবং জিআরএস সফটওয়্যার বিষয়ক প্রশিক্ষণ/কর্মশালা/সেমিনার আয়োজন (১ম অর্ধ বার্ষিকীতে একটি এবং দ্বিতীয় অর্ধবার্ষিকীতে একটি)	কর্ম-পরিকল্পনার লক্ষ্যমাত্রা অনুযায়ী কর্মকর্তা/কর্মচারীদের নিয়ে অভিযোগ প্রতিকার ব্যবস্থা এবং জিআরএস সফটওয়্যার বিষয়ক প্রশিক্ষণ/কর্মশালা/সেমিনার আয়োজনের বিষয়ে আলোচনা হয়। আলোচনান্তে ১ম অর্ধবার্ষিকীতে ০১টি প্রশিক্ষণ প্রদান করা হয় মর্মে সভায় অবহিত করা হয়। সিদ্ধান্ত: কর্মপরিকল্পনা অনুযায়ী মে/২০২৪ মাসে কর্মকর্তা/কর্মচারীদের সমন্বয়ে অভিযোগ প্রতিকার ব্যবস্থা এবং জিআরএস সফটওয়্যার বিষয়ক প্রশিক্ষণের আয়োজন করতে হবে।	সহকারী পরিচালক (প্রশাসন)
০৫.	অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা (১ম অর্ধ বার্ষিকীতে একটি এবং দ্বিতীয় অর্ধবার্ষিকীতে একটি)	অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত কর্ম-পরিকল্পনা ২০২৩-২৪ এর ২.২ এ ১ম অর্ধ বার্ষিকীতে ০১টি ও ২য় অর্ধবার্ষিকীতে ০১টি সভা আয়োজনের লক্ষ্যমাত্রা রয়েছে। লক্ষ্যমাত্রা অনুযায়ী ১ম অর্ধবার্ষিকীতে ০১টি সভা অনুষ্ঠিত হয়েছে মর্মে সভায় অবহিত করা হয়। সিদ্ধান্ত: কর্মপরিকল্পনা অনুযায়ী নির্ধারিত সময়ে অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজন করতে হবে।	জনাব ইমাম হোসাইন, কন্ট্রোলার/প্রোগ্রাম ম্যানেজার/ সহকারী পরিচালক (প্রশাসন)

০২। অতঃপর আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।


 নূর আনোয়ার হোসেন
 জেনারেল ম্যানেজার (চ: দা):
 ফোন: ০২৩৩৩৩৭৯৩০০ (অফিস)

বিতরণ: উপস্থিত কর্মকর্তাবৃন্দ

অনুলিপিঃ সদয় অবগতি ও কার্যার্থে-

০১। মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন, রামপুরা, ঢাকা।

০২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ টেলিভিশন, রামপুরা, ঢাকা (কার্যবিবরণীটি ওয়েব সাইটে প্রকাশের জন্য)।

০৩। কার্যালয় নথি।

সিনিয়র সিস্টেম এনালিস্ট এর কার্যালয়	
সিস্টেম এনালিস্ট	<input type="checkbox"/> প্রয়োজনীয় ব্যবস্থা নিন
প্রোগ্রামার-১	<input type="checkbox"/> উপস্থাপন করুন
প্রোগ্রামার-২	<input type="checkbox"/> কথা বলুন
পিএ	<input type="checkbox"/> তাগিদ দিন
সিনিয়র সিস্টেম এনালিস্ট	

০৫/০৫/২৪